তারিখ ... 01 MAY 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ......

দৈনিক
আমাদের সময়

# নর্থ সাউথ ইউনিভার্সিটিতে গ্রীষ্মকালীন সেমিস্টারের নবীনবরণ অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক ●

বার বছর স্কুল এবং কলেজে শিক্ষা সাধনার পর বিশ্ববিদ্যালয় পর্যায়ে উচ্চশিক্ষার নতুন অধ্যায়ে পর্দাপণের দিনটি ৩০ এপ্রিল ছিল শিক্ষার্থীদের ভবিষ্যৎ বুনিয়াদের প্রথম দিন। নর্থ সাউথ ইউনিভার্স্যিটিতে গ্রীষ্মকালীন সেমিস্টারের স্নাতকের নবীন শিক্ষার্থীদের বরণ অনুষ্ঠান গতকাল শনিবার অনুষ্ঠিত হয় বসুন্ধরার নিজস্ব ক্যাম্পাসে। বিবিএ, ইটিই, ইইই, স্থাপত্য, অর্থনীতি, ইংরেজি, আইন, ফার্মেসি, কম্পিউটার সায়েন্স, পরিবেশ বিজ্ঞান, মাইক্রোবায়োলজি, বায়োটেকনোলজি, বায়োকেমিস্ট্রিসহ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিভাগের দেড় হাজারের বেশি নতুন শিক্ষার্থীকে বরণ করে নেয়া হয়। অনুষ্ঠানে জনৈক অভিভাবক এক প্রতিক্রিয়ায় বলেন, ভালো একটি বিশ্ববিদ্যালয়ে মেয়েকে ভর্তি করে নির্ভার হলেন। মেধাবীদের একটি বড় অংশ নিয়ে নতুন সেমিস্টার শুরুর সাফল্য প্রতিফলিত হলো কর্তৃপক্ষের বক্তব্যে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এনএসইউ ট্রাস্ট্রি বোর্ডের চেয়ারম্যান এম এ কাসেম, বিশেষ অতিথি ছিলেন ট্রাস্ট্রি সদস্য এম এ হাসেম, রেহানা রহমান, ইয়াসমিন কামাল এবং কোষাধ্যক্ষ গৌর গোবিন্দ গোস্বামী। সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আতিকুল ইসলাম। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের স্কুল অব হিউম্যানিটিস অ্যান্ড সোশ্যাল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. সেলিম সারোয়ার, স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সায়েন্সেসের ডিন প্রফেসর ড. জি ইউ আহসান, স্কুল অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ফিজিক্যাল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মো. সিরাজুল ইসলাম, স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনমিক্সের ডিন প্রফেসর ড. মোহাম্মাদ মাহবুব রহমান এবং রেজিস্টার মো. শাহজাহান। বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, বিভাগীয় প্রধান, ঊর্ধ্বতন কর্মকর্তাসহ অভিভাবকগণ এ সময় উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে ট্রাস্ট্রি বোর্ডের চেয়ারম্যান এম এ কাসেম বলেন, শুধু পড়াশোনার মাধ্যমে সফল এবং বিকশিত মানুষ হিসেবে নিজেকে তৈরি করা সম্ভব নয়। পড়াশোনার পাশাপাশি প্রয়োজন শৃঙ্খলার। বিশ্ববিদ্যালয় হলো সর্বোচ্চ বিদ্যাপিঠ যা তোমাকে নির্দেশনা দেবে একটি সুশৃঙ্খল জীবনের।